



সংসারের দায় কাঁধে, ভিডিওতে জীবনের গল্প ‘সাংবাদিক নই’ তাইজুল



ভিডিও বানিয়ে ভাইরাল তাইজুল। ছবি: সংগৃহীত

ঢাকায় নির্মাণশ্রমিকের সহকারী হিসেবে কাজ করা এক তরুণ নিজের সংগ্রামী জীবন ও এলাকার বাস্তব চিত্র তুলে ধরতে সামাজিক মাধ্যমে ভিডিও তৈরি করছেন। তাইজুল, যিনি ‘তাজু ভাই’ নামেই বেশি পরিচিত, জানান—আট সদস্যের পরিবারের দায়িত্ব এখন তার কাঁধে। বাবা-মা দুজনই অসুস্থ এবং শ্রবণপ্রতিবন্ধী হওয়ায় সংসারের পুরো ভার তাকে একাই বহন করতে হচ্ছে। প্রতিদিনের জীবনযুদ্ধে টিকে থাকতে গিয়ে তাকে নানা কঠিন পরিস্থিতির মুখোমুখি হতে হয়। তিনি বলেন, কিছুটা মানসিক স্বস্তি পেতে এবং মানুষের নজর কাড়তেই মাঝে মাঝে ভিডিও তৈরি করেন। নিজের সীমাবদ্ধতার কথা স্বীকার করে তিনি জানান, তিনি পেশাদার সাংবাদিক নন। তবে তার অভিযোগ, নারায়ণপুর এলাকায় গণমাধ্যমের উপস্থিতি খুব কম, ফলে স্থানীয় মানুষের সমস্যাগুলো সামনে আসে না। তাইজুলের মতে, সাধারণ মানুষ হিসেবে তার ভুল হতে পারে, কিন্তু সমালোচনা বা ট্রোল তাকে থামাতে পারবে না। তার লক্ষ্য একটাই—প্ৰাস্তিক মানুষের জীবনযাত্রার বাস্তবতা সবার সামনে তুলে ধরা এবং তাদের অবস্থার উন্নয়নের বিষয়টি আলোচনায় আনা। স্থানীয় জীবনের নানা দিক তুলে ধরার এই উদ্যোগ ইতোমধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে অনেকের দৃষ্টি আকর্ষণ করেছে।